সংবাদ

তারিখ ... 31 JAN 2017 ...
পৃষ্ঠা ...৬... কলাম ...৬...

# সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষার্থীদের পাশে শিক্ষামন্ত্রী

**নিজস্ব বার্তা পরিবেশক**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন সড়ক দুর্ঘটনায় আহত শিক্ষক ও ছাত্রছাত্রীদের দেখতে যান। এ সময় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার মিজানুর রহমান এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ড. এসএম ওয়াহিদুজ্জামান উপস্থিত ছিলেন। শিক্ষামন্ত্রী আহত শিক্ষক ও শিক্ষার্থীদের খোঁজখবর নেন এবং চিকিৎসার দায়িত্বে নিয়োজিত চিকিৎসকদের সঙ্গে কথা বলেন। তিনি বলেন, আহতদের সুচিকিৎসার জন্য সবকিছু করা হবে। তিনি আহতদের সান্ত্বনা দেন ও সমবেদনা জানান।